# এমটিনল®

এমলোডিপিন বিসাইলেট বিপি

**উপাদান:**

**এমটিনল®** : প্রতিটি পাতলা আবরনযুক্ত ট্যাবলেটে রয়েছে এমলোডিপিন ৫ মি.গ্রা. যা এমলোডিপিন বিসাইলেট বিপি সমতুল্য।

**বর্ণনা:**

**এমটিনল** ® (এমলোডিপিন): একটি ডাইহাইড্রোপিরিডিন ক্যালসিয়াম চ্যানেল প্রতিবন্ধক, যার কার্যকারিতা দীর্ঘস্থায়ী এবং হাইপারটেনশন ও এনজাইনা পেকটোরিস চিকিৎসায় ব্যবহৃত হয়। **এমটিনল** ® মায়োকার্ডিয়াল কোষ, যার হৃদপিন্ডের বিশেষ পরিবহণ তন্ত্রের অন্তর্গত এবং ভাসকুলার মাংসপেশীর নরম কোষগুলোকে প্রভাবিত করে। **এমটিনল** ® প্রয়োগে প্রাথমিক ভাবে ভেসোডাইলেশন ঘটে, পেরিফেরাল রেজিসট্যান্স (আফটার লোর্ড) ও রক্তচাপ হ্রাস পায়, করোনারী রক্তপ্রবাহ এবং হৃদ সঞ্চালনের রিফ্লেক্স বৃদ্ধি পায়। এর ফলে হৃদপিন্ডে অক্সিজেন সরবরাহ ও কার্ডিয়াক আউটপুট বৃদ্ধি পায়।

এসেনশিয়াল হাইপারটেনশন: **এমটিনল**® হাইপারটেনশনে একক চিকিৎসায় অত্যন্ত কার্যকর। ইহা অন্যান্য এন্টিহাইপারটেনসিভ ঔষধের সঙ্গে ব্যবহৃত হতে পারে।

এনজাইনা পেকটোরিস: **এমটিনল** ® পুরাতন ও স্থায়ী এনজাইনা পেকটোরিসে একক চিকিৎসায় অত্যন্ত কার্যকর ভাবে নির্দেশিত। ইহা অন্যান্য এন্টি এনজাইনাল ঔষধের সঙ্গের ব্যবহৃত হতে পারে। ভেসোস্পাসটিক এনজাইনাতে নির্দেশিত। ইহা ভেসোস্পাসটিক এনজাইনায় একক চিকিৎসায় অথবা এন্টিএনজাইনাল ঔষধের সঙ্গে ব্যবহৃত হতে পারে।

**সেবন মাত্রা সেবনবিধি:**

খাওয়ার আগে বা পরে গ্রহনযোগ্য।

হাইপারটেনশন: সাধারণত ৫ মি: গ্রা: দিনে এক বার। সর্বোচ্চ সেবন মাত্রা ১০ মি: গ্রা: দিনে এক বার। বয়স্ক রোগীদের ক্ষেত্রে বা যে সমস্ত রোগীর যকৃতের অসুবিধা আছে তারা ২.৫ মি: গ্রা: হিসাবে দৈনিক একবার করে খেতে পারেন; এই সেবনবিধি একই নিয়মে প্রচলিত থাকিবে যখন এ্যামটিনল কে অন্য উচ্চ রক্তচাপ নিবারক ঔষধের সহিত ব্যবহৃত হয়।

এনজাইনা (পুরাতন স্থায়ী এবং ভেসোস্পাসটিক): ৫ থেকে ১০ মি: গ্রা: বয়স্ক রোগীর এবং যে সকল রোগীর যকৃতের অসুবিধা আছে তাদের জন্য স্বল্প মাত্রা ব্যবহার্য। তবে বেশীভাগ রোগীর জন্যই ১০ মি: গ্রা: ব্যবহার্য।

**প্রতিনির্দেশনা:**

* ডাইহাইড্রোপিরিডিন জাত দ্রব্যের প্রতি অতিসংবেদনশীল রোগীর ক্ষেত্রে।
* গর্ভবতী মহিলার ক্ষেত্রে।

**প্রতিক্রিয়া:**

এমলোডিপিনের সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াগুলো সাধারণত ভেসোডাইলেটরী ক্রিয়ার সঙ্গে যুক্ত, যেমন, ঘুমঘুমভাব, ফ্লাসিং, মাথাব্যথা, হাইপোটেশন এবং পেরিফেরাল ইডিমা। পরিপাকতন্ত্রের অসুবিধা, বারবার প্রস্রাব করার ইচ্ছা, অলসতা, চোখের ব্যথা এবং মানসিক অবসাদ দেখা যেতে পারে। চিকিৎসার প্রাথমিক পর্যায়ে বুকে ব্যথা হতে পারে এবং কিছু কিছু রোগীর ক্ষেত্রে রক্তচাপ অত্যাধিক নেমে যায়, যা পরবর্তীতে মস্তিস্ক বা হৃদপিন্ডের অসুবিধা ক্ষণস্থায়ী অন্ধত্বে রূপ নেয়।

অতিসংবেদনশীলতার জন্য ফুসকুড়ি, জ্বর এবং যকৃতের অসুবিধার সৃষ্টি হতে পারে।

**অন্যান্য ঔষধের সঙ্গে বিক্রিয়া:**

প্রবল ক্ষতিকর বিক্রিয়া: হৃদপিন্ডের বামদিকের অসুবিধা সম্বলিত রোগীর ক্ষেত্রে কোন অভিযোগ পাওয়া যায় নাই। তবে এই সমস্ত রোগীর ক্ষেত্রে এমলোডিপিন এবং বিটা ব্লকার এর সমন্বিত ব্যবহার না করা উচিত।

**অন্যান্য উল্লেখযোগ্য বিক্রিয়া:**

ডিগক্সিন: এ্যামলোডিপিন এবং ডিগক্সিন এর তেমন কোন বিক্রিয়া লক্ষ্য করা যায় নাই।

সিমেটিডিন: একটি অপ্রকাশিত কিনিকাল ট্রায়াল থেকে দেখা গেছে যে এমলোডিপিন এবং সিমেটিডিন এর মধ্যে তেমন কোন উল্লেখযোগ্য বিক্রিয়া হয় নাই।

ওয়ারফেরিন: একটি অপ্রকাশিত কিনিকাল ট্রায়াল থেকে দেখা গেছে যে, এমলোডিপিনের শোষণকে পরিবর্তন করে না।

খাদ্য: ইহা এমলোডিপিনের শোষণকে পরিবর্তন করে না।

**সাবধানতা:**

যকৃতের রোগ, গর্ভাবস্থা এবং দুগ্ধ প্রদানকালীন সময়ে সাবধানতা অবলম্বন করা উচিত।

**বাণিজ্যিক প্যাক:**

**এমটিনল®** : প্রতি বাক্সে ৫ x ১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিষ্টার প্যাকে সরবরাহ করা হয়।

Manufactured by
EURO Pharma Ltd.
*In Pursuit of Excellence*
Dhaka, Bangladesh

® Regd. Trademark

# Amtinol®

**Composition:**

**Amtinol®** : Each film coated tablet contains Amlodipine 5 mg as Amlodipine Besilate BP.

**Description:**

**Amtinol®** (Amlodipine) is a dihydropyridine calcium-channel blocker, With a long duration of action, used for the treatment of hypertension and angina pectoris. **Amtinol®** influences the myocardial cells, the cells within the specialized conducting system of the heart, and the cells of vascular smooth muscle. Administration of **Amtinol®** results primarily in vasodilation, with reduced peripheral resistance, blood pressure and afterload, increased coronary blood flow and a reflex increase in coronary heart rate. This in turn results in an increase in myocardial oxygen supply and cardiac output.

**Indications:**

Essential hypertension: **Amtinol®** is efficacious as monotherapy in the treatment of hypertension. It may be used in combination with other antihypertensive agents.

Angina pectoris: **Amtinol®** is indicated for the treatment of chronic stable angina pectoris and is efficacious as monotherapy. It may be used in combination with other antianginal agents.

Vasospastic angina: **Amtinol®** is indicated for the treatment of confirmed or suspected vasospastic angina. It may be used as monotherapy or in combination with other antianginal drugs.

**Dosage and Administration:**

Maybe taken without regard to meals.

Hypertension: Usual dose is 5 mg once daily. Maximum dose is 10 mg once daily. (Elderly patients with hepatic insufficiency may be started on 2.5 mg once daily). This dose may also be used when adding **Amtinol®** to other antihypertensive therapy.

Angina (chronic stable or Vasopastic): 5 to 10 mg using the lower dose for elderly and in patients with hepatic insufficiency. Most patients require 10 mg.

**Contraindication:**

* Hypersensitivity to dihydropyridine derivatives.
* Pregnant woman.

**Adverse Effects:**

The most common adverse effects of Amlodipine are associated with the vasodilatory action, such as dizziness, flushing, headache, hypotension and peripheral oedema. Gastrointestinal disturbances, increased micturition frequency, lethargy, eye pain and mental depression may also occur. A paradoxical increase in ischaemic chest pain may occur at the start of the treatment and in a few patients excessive fall in blood pressure has led to cerebral or myocardial ischaemia or transient blindness. Rashes, fever and abnormalities in liver function due to hypersensitivity reaction of Amtinol may occur.

**Drug Interactions:**

Pontentially hazardous interactions: Little or no data are available in patients with markedly impaired left ventricular function; however, as with other calcium antagonist drugs, the combination of Amlodipine and beta-blockers should be avoided in such patients.

**Other Significant Interactions:**

Digoxin-Absence of any interaction between Amlodipine and Digoxin in healthy volunteers has been documented in a controlled clinical study.

Cimetidine- An unpublished clinical study indicated no interaction between, Amlodipine and Cimetidi e in healthy volunteers.

Warfarin-An unpublished clinical study in healthy volunteers indicates that Amlodipine did not significantly alter the effect of Warfarin on prothrombin time. Food- It does not alter the rate or extent of absorption of Amlodipine.

**Precautions:**

Precautiθn should be taken in patients with hepatic impairment and during pregnancy and breast feeding.

**Commercial pack:**

**Amtinol®** : Box containing 5 x 10 tablets in Alu-Alu blister pack.

Manufactured by
EURO Pharma Ltd.
*In Pursuit of Excellence*
Dhaka, Bangladesh

® Regd. Trademark